

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপপরিচালকের কার্যালয়  
মৎস্য অধিদপ্তর,  
চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।

**মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা-এর এপিএ (APA) টিমের মাসিক সভার কার্যবিবরণী**

সভাপতি: জনাব মোঃ আবু সাইদ, সিনিয়র সহকারী পরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।

স্থান: সম্মেলন কক্ষ, উপপরিচালকের দপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।

তারিখ: ৩১/০৮/২০২১খ্রিঃ।


উপস্থিতি: পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত করা হলো।

২০২১-২২ অর্থবছরে মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা-এর এপিএ টিমের ১ম সভা ৩১/০৮/২০২১ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ০৩:০০ টায় উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন জনাব মোঃ আবু সাইদ, সিনিয়র সহকারী পরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

**সভার আলোচনা এবং সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:**

ক্র: নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	অধিদপ্তর হতে প্রেরিত ছকপত্র মোতাবেক এপিএ রেজিস্টার প্রস্তুত ও লিপিবদ্ধকরন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়	প্রদত্ত ছকপত্র মোতাবেক এপিএ রেজিস্টার প্রস্তুত ও লিপিবদ্ধকরন করে অফিসে সংরক্ষন করার জন্য সংশ্লিষ্ট জেলা, সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাগণকে অবহিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়	জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা
২	ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত ও ওয়েব পোর্টালে আপলোডকরন ও উর্ধ্বতন অফিসে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়।	সংশ্লিষ্ট বিভাগ/ জেলা ও উপজেলা এপিএ ত্রৈমাসিক প্রতিবেদন নির্দিষ্ট সময়ের মধ্যে প্রস্তুত করে ওয়েব পোর্টালে আপলোড ও উর্ধ্বতন অফিসে প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা হয়।	বিভাগীয় দপ্তর, জেলা মৎস্য দপ্তর, সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর
৩	উন্মুক্ত জলাশয়ে পোনামাছ অবমুক্ত করন ও এপিএ লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	প্রাপ্ত বরাদ্দ মোতাবেক সংশ্লিষ্ট জেলা ও উপজেলা মৎস্য কর্মকর্তাগণ নির্দিষ্ট সময়ের মধ্যে পোনামাছ অবমুক্ত কার্যক্রম সমাপ্ত করে প্রতিবেদন উর্ধ্বতন অফিসে প্রেরন করা এবং এপিএ লক্ষ্যমাত্রা অজনে সচেষ্ট থাকার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	বিভাগীয় দপ্তর, জেলা মৎস্য দপ্তর, সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর,
৪	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ তারিখের মধ্যে সংশোধনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	যে সমস্ত জেলা এবং উপজেলায় কর্মসম্পাদন ক্ষেত্রের কোন সূচকের লক্ষ্যমাত্রা পরিবর্তন করা প্রয়োজন, তাদেরকে অতিদ্রুত উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ বরাবর সংশোধনের প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা

সভার আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

  
(মোঃ আবু সাইদ)  
সিনিয়র সহকারী পরিচালক  
মৎস্য অধিদপ্তর  
চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।

পত্র নং: ৩৩.০২.০০০০.৩০২.০০.০০০.১৫.৫৯০

তারিখ: ৩১/০৮/২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

- ১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।
- ৩। জেলা মৎস্য কর্মকর্তা,..... (সকল), চট্টগ্রাম বিভাগ।
- ৪। সিনিয়র সহকারী পরিচালক/সহকারী পরিচালক/মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।
- ৫। সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা,..... (সকল), চট্টগ্রাম বিভাগ।

সিনিয়র সহকারী পরিচালক  
মৎস্য অধিদপ্তর  
চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।